

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে হামলা ছাত্র ইউনিয়নের চবি শাখার সভাপতি খেফতার

প্রতিনিধি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়-

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভাঙচুরের ঘটনায় ছাত্র ইউনিয়নের বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মন্টি বৈষ্ণবকে হাটহাজারী থানা পুলিশ খেফতার করেছে। গত মঙ্গলবার নগরীর বহাদুরহাট এলাকার বাসা থেকে বিকেল সাড়ে ৪টার সময় তাকে খেফতার করা হয় বলে পুলিশ জানিয়েছে। এর আগে এ ঘটনায় পুলিশ বিজয় কুমার নাথ নামের ছাত্র ফ্রন্টের এক কর্মীকে খেফতার করেছিল।

বর্ধিত বেতন ফি ও ক্যাম্পাস থেকে পুলিশ প্রত্যাহারসহ চার দফা দাবিতে চবির সাধারণ শিক্ষার্থীরা গত ২২ আগস্ট ক্যাম্পাসে আন্দোলন করে। এ সময় বেশ কয়েকজন উচ্চশিক্ষা শিক্ষার্থী ও বহিরাগতরা ক্যাম্পাসে ব্যাপক ভাঙচুর করে। পুলিশের সঙ্গে এ সময় শিক্ষার্থীদের সংঘর্ষের ঘটনা ঘটে। সেই ঘটনায় হাটহাজারী থানার সাব ইন্সপেক্টর আনিসুজ্জামান বাদি হয়ে হাটহাজারী থানায় অজ্ঞাত পুরুষ ১৪শ' ছাত্রের বিরুদ্ধে মামলা করে। মামলার উদ্বৃত্তার দেয়া হয়, সাব ইন্সপেক্টর ওয়াহিদুজ্জামানকে।

এদিকে চবিতে ২২ আগস্টের হামলার ঘটনায় চবি ছাত্র শিবির জড়িত থাকার অভিযোগ উঠলেও এ পর্যন্ত তাদের কাউকে খেফতার করা হয়নি বলে প্রগতিশীল শিক্ষক ও সাধারণ শিক্ষার্থীরা অভিযোগ করেছেন। তারা অভিযোগ করে বলেন, সে সময় বিভিন্ন পত্রিকায় ২২ আগস্টের ঘটনার জন্য শিবির নগরীর মুহসীন কলেজ ও চট্টগ্রাম কলেজের শিবির কর্মীদের নাম প্রচারিত হলেও রচসাজনক কারণে পুলিশ এখনও তাদের জিলাসাবাদ করার জন্যে ডাকেনি।

৩৬